**80 JOB EXAMS**

**6100+ MCQ প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান**

**MAY 2025 Edition**

# RECENT JOB SOLUTION MCQ

**MCQ প্রশ্নের পূর্ণাঙ্গ ব্যাখ্যাসহ সমাধান**



২০২৪-২৫ সালের পিএসসি, বিসিএস, প্রাইমারি, নিবন্ধন, কর্তৃপক্ষ, মন্ত্রণালয় ও সকল অধিদপ্তরের ৮০টি বিভিন্ন সরকারি নিয়োগ পরীক্ষার MCQ 6100+ প্রশ্নের পূর্ণাঙ্গ ব্যাখ্যাসহ সমাধান

Recent Publication

**80 JOB EXAMS**

**6100+ MCQ** প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

# RECENT JOB SOLUTION MCQ

**২০২৪-২৫ সালের পিএসসি, বিসিএস, প্রাইমারি, নিবন্ধন, কর্তৃপক্ষ, মন্ত্রণালয় ও সকল অধিদপ্তরের ৮০টি বিভিন্ন সরকারি নিয়োগ পরীক্ষার**

**MCQ 6100+** প্রশ্নের পূর্ণাঙ্গ ব্যাখ্যাসহ সমাধান

**Edited by:**
**Recent Publication Editorial Board**

**Recent Publication**
Rafin Plaza, Beside Balaka Cinema Hall, Nilkhet, Dhaka.
E-mail: biddut.rit@gmail.com

**Published by:**

**Recent Publication**

| | | |
|---|---|---|
| **1st Edition** | **:** | **January, 2020** |
| **2nd Edition** | **:** | **November, 2020** |
| **3rd Edition** | **:** | **February, 2021** |
| **4td Edition** | **:** | **August, 2021** |
| **5th Edition** | **:** | **February, 2022** |
| **6th Edition** | **:** | **June, 2022** |
| **7th Edition** | **:** | **January, 2023** |
| **8th Edittion** | **:** | **June, 2023** |
| **9th Editon** | **:** | **October, 2023** |
| **10th Edition** | **:** | **January, 2024** |
| **11th Edition** | **:** | **May, 2024** |
| **12th Edition** | **:** | **October, 2024** |
| **13th Edition** | **:** | **January, 2025** |
| **14th Edition** | **:** | **May, 2025** |


**All Rights Reserved**

No Part of this book may be reproduced, stored in a retrieval system or transmitted in any form of means electronic, mechanical, photocopying, recording of otherwise, without prior permission from the Author.

**Recent** প্রশ্ন ও সমাধানের আপডেট পেতে চোখ রাখুন আমাদের ফেইসবুক পেইজে

**Recent Publications**

**Our help line: 01675553511**

**Price: 690.00 Taka**

# CONTENT


| | | | | |
|---|---|---|---|---|
| 01. | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ২৭.০১.২০২৪ | উচ্চমান সহকারী | 01 |
| 02. | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ২৬.০১.২০২৪ | হিসাব সহকারী | 08 |
| 03. | পিএসসি | ১৮.০১.২০২৪ | সিনিয়র স্টাফ নার্স | 16 |
| 04. | বস্ত্র অধিদপ্তর | ১৯.০১.২০২৪ | অফিস সহায়ক | 25 |
| 05. | নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী পিএলসি | ২০.০১.২০২৪ | সহকারী শিক্ষক | 32 |
| 06. | নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি পিএলসি | ২৭.০১.২০২৪ | সাব স্টেশন এটেনডেন্ট | 39 |
| 07. | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ২য় পর্যায় | ০২.০২.২০২৪ | সহকারী শিক্ষক | 46 |
| 08. | বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | ০৩.০২.২০২৪ | নিরাপত্তা অধিক্ষক | 54 |
| 09. | বাংলাদেশ ডাক বিভাগ | ০৯.০২.২০২৪ | পোস্টম্যান | 62 |
| 10. | পিএসসি | ১১.০২.২০২৪ | গার্হস্থ্য অর্থনীতিবিদ | 69 |
| 11. | পররাষ্ট্র মন্ত্রণালয় | ১২.০২.২০২৪ | সুপারিনটেনডেন্ট | 80 |
| 12. | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | ২৩.০২.২০২৪ | সহ: এনফোর্সমেন্ট কো অর্ডিনেটর | 92 |
| 13. | বাংলাদেশ রেলওয়ে | ২৪.০২.২০২৪ | বুকিং সহকারী | 100 |
| 14. | বাংলাদেশ রেলওয়ে | ২৪.০২.২০২৪ | টিকেট কালেক্টর | 107 |
| 15. | বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | ২৪.০২.২০২৪ | প্রকিউরমেন্ট অফিসার | 114 |
| 16. | সিভিল সার্জন কার্যালয়, কুমিল্লা | ০১.০৩.২০২৪ | স্বাস্থ্য সহকারী | 122 |
| 17. | বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | ০২.০৩.২০২৪ | কম্পিউটার মুদ্রাক্ষরিক | 130 |
| 18. | ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (DWASA) | ০২.০৩.২০২৪ | সহকারী ইঞ্জিনিয়ার | 138 |
| 19. | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০৪.০৩.২০২৪ | ব্যক্তিগত কর্মকর্তা | 145 |
| 20. | বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড | ০৮.০৩.২০২৪ | সহকারী ব্যবস্থাপক (হিসাব) | 157 |
| 21. | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ০৯.০৩.২০২৪ | ইমারত পরিদর্শক | 164 |
| 22. | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | ০৯.০৩.২০২৪ | সহকারী জেনারেল ম্যানেজার | 172 |
| 23. | ১৮ তম শিক্ষক নিবন্ধন কলেজ পর্যায় | ১৫.০৩.২০২৪ | সহকারী শিক্ষক | 177 |
| 24. | ১৮ তম শিক্ষক নিবন্ধন স্কুল বা সমপর্যায় ২ | ১৫.০৩.২০২৪ | সহকারী শিক্ষক | 188 |
| 25. | ১৮ তম শিক্ষক নিবন্ধন স্কুল বা সমপর্যায় | ১৫.০৩.২০২৪ | সহকারী শিক্ষক | 199 |

| | | | | |
|---|---|---|---|---|
| **26.** | সামরিক ভূমি ও ক্যান্টনম্যান্ট অধিদপ্তর | ১৬.০৩.২০২৪ | জুনিয়র শিক্ষক | **211** |
| **27.** | বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | ২৩.০৩.২০২৪ | নিরাপত্তা অপারেটর | **219** |
| **28.** | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ৩য় পর্যায় | ২৯.০৩.২০২৪ | সহকারী শিক্ষক | **227** |
| **29.** | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড | ২৯.০৩.২০২৪ | সহকারী ব্যবস্থাপক | **236** |
| **30.** | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড | ০৫.০৪.২০২৪ | উপ-সহকারী প্রকৌশলী | **245** |
| **31.** | বাংলাদেশ টেলিভিশন | ১৮.০৪.২০২৪ | উপ-সহকারী প্রকৌশলী | **253** |
| **32.** | কারা অধিদপ্তর | ১৯.০৪.২০২৪ | কারারক্ষী ও মহিলা কারারক্ষী | **260** |
| **33.** | বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | ২০.০৪.২০২৪ | মোটর পরিবহণ চালক | **264** |
| **34.** | ৪৬তম বিসিএস | ২৬.০৪.২০২৪ | বিসিএস | **268** |
| **35.** | ঔষধ প্রশাসন অধিদপ্তর | ২৬.০৪.২০২৪ | অফিস সহকারী | **301** |
| **36.** | ঔষধ প্রশাসন অধিদপ্তর | ২৬.০৪.২০২৪ | অফিস সহায়ক | **308** |
| **37.** | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | ২৭.০৪.২০২৪ | উপ-সহকারী প্রকৌশলী | **315** |
| **38.** | ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ | ২৭.০৪.২০২৪ | উপ সহকারী প্রকৌশলী | **324** |
| **39.** | বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন | ২৭.০৪.২০২৪ | কন্ডাক্টর-ডি/কাউন্টারম্যান | **330** |
| **40.** | পিএসসি | ২৯.০৪.২০২৪ | সহকারী প্রটোকল অফিসার | **334** |
| **41.** | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | ০৪.০৫.২০২৪ | মিটার রিডার | **345** |
| **42.** | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ১০.০৫.২০২৪ | অফিস সহায়ক | **353** |
| **43.** | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ | ১০.০৫.২০২৪ | টেকনেশিয়ান | **360** |
| **44.** | সিভিল সার্জনের কার্যালয়, পাবনা | ১০.০৫.২০২৪ | স্বাস্থ্য সহকারী | **367** |
| **45.** | ডাক অধিদপ্তর | ১৭.০৫.২০২৪ | ইন্সপেক্টর অব পোস্ট অফিস | **377** |
| **46.** | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ | ১৭.০৫.২০২৪ | সার্ভেয়ার | **385** |
| **47.** | তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড | ২৪.০৫.২০২৪ | সহকারী প্রকৌশলী | **392** |
| **48.** | বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ | ২৪.০৫.২০২৪ | ওয়ারহাউজ, ইয়ার্ড সুপারিনটেনডেন্ট | **394** |
| **49.** | বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ | ২৮.০৫.২০২৪ | সহকারী পরিচালক | **402** |
| **50.** | বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) | ৩১.০৫.২০২৪ | সহকারী ম্যনেজার (ইলেক্ট্রিকাল) | **412** |
| **51.** | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ৩১.০৫.২০২৪ | অফিস সহায়ক | **417** |
| **52.** | পিএসসি | ৩১.০৫.২০২৪ | সিনিয়র স্টাফ নার্স | **421** |

| | | | | |
|---|---|---|---|---|
| 53. | ডাক অধিদপ্তর | ৩১.০৫.২০২৪ | উপজেলা পোস্টামাস্টার | 431 |
| 54. | পিএসসি | ১০.০৬.২০২৪ | মিডওয়াইফারি | 439 |
| 55. | বাংলাদেশ রেলওয়ে | ২৮.০৬.২০২৪ | পয়েন্টসম্যান | 449 |
| 56. | বাংলাদেশ রেলওয়ে | ২৮.০৬.২০২৪ | সহকারী লোকোমোটিভ মাস্টার | 457 |
| 57. | বাংলাদেশ রেলওয়ে | ০৫.০৭.২০২৪ | সহকারী ইঞ্জিনিয়ার | 465 |
| 58. | নেত্রকোনা, পল্লী বিদ্যুৎ সমিতি | ০৬.০৯.২০২৪ | মিটার রিডার কাম মেসেঞ্জার | 478 |
| 59. | কিশোরগঞ্জ, পল্লী বিদ্যুৎ সমিতি | ০৭.০৯.২০২৪ | মিটার রিডার কাম মেসেঞ্জার | 484 |
| 60. | মানিকগঞ্জ, পল্লী বিদ্যুৎ সমিতি | ১৩.০৯.২০২৪ | মিটার রিডার কাম মেসেঞ্জার | 490 |
| 61. | ময়মনসিংহ, পল্লী বিদ্যুৎ সমিতি | ২৭.০৯.২০২৪ | মিটার রিডার কাম মেসেঞ্জার | 496 |
| 62. | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড | ০৪.১০.২০২৪ | ট্রাফিক হেলপার | 503 |
| 63. | সাধারণ বীমা কর্পোরেশন | ০১.১১.২০২৪ | জুনিয়র অফিসার | 513 |
| 64. | সাধারণ বীমা কর্পোরেশন | ০৮.১১.২০২৪ | সহকারী ব্যবস্থাপক | 523 |
| 65. | পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি | ১৫.১১.২০২৪ | কারিগরি সহায়ক | 534 |
| 66. | পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি | ১৫.১১.২০২৪ | জুনিয়র হিসাব সহকারী | 542 |
| 67. | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লি. (মেট্রোরেল) | ১৬.১১.২০২৪ | টিকেট মেশিন অপারেটর | 551 |
| 68. | বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ কর্পোরেশন (পেট্রোবাংলা) | ২২.১১.২০২৪ | সহকারী ম্যানেজার (প্রশাসন) | 559 |
| 69. | ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড | ২২.১১.২০২৪ | উপ সহকারী পরিচালক | 568 |
| 70. | ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড | ২২.১১.২০২৪ | সহকারী পরিচালক | 574 |
| 71. | দিনাজপুর, পল্লী বিদ্যুৎ সমিতি | ৩০.১১.২০২৪ | মিটার রিডার কাম মেসেঞ্জার | 580 |
| 72. | বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর | ১৩.১২.২০২৪ | অফিস সহকারী | 586 |
| 73. | পল্লী বিদ্যুৎ সমীতি, ফেনী | ০১.০২.২০২৫ | মিটার রিডার কাম মেসেঞ্জার | 593 |
| 74. | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | ০৭.০২.২০২৫ | সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন) | 599 |
| 75. | সামরিক ভূমি ও ক্যান্টনম্যান্ট অধিদপ্তর | ০৭.০২.২০২৫ | প্রভাষক, প্রদর্শক, সহকারী শিক্ষ ও জুনিয়র শিক্ষক | 607 |
| 76. | সামরিক ভূমি ও ক্যান্টনম্যান্ট অধিদপ্তর | ০৭.০২.২০২৫ | জুনিয়র শিক্ষক | 614 |
| 77. | বাংলাদেশ ক্যামিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন | ১৪.০২.২০২৫ | সহকারী প্রশাসনিক কর্মকর্তা | 620 |
| 78. | মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস | ১৫.০২.২০২৫ | সহকারী ইঞ্জিনিয়ার | 627 |
| 79. | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | ২৮.০২.২০২৫ | শিক্ষানবিস লাইন্সম্যান | 635 |
| 80. | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড | ১৪.০২.২০২৫ | গ্রাউন্ড সার্ভিস এ্যাসিস্ট্যান্ট | 643 |

# বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর

**পদের নামঃ অফিস সহকারী**

তারিখঃ ১৩.১২.২০২৪; সময়ঃ ৯০ মিনিট; পূর্ণমানঃ ৭০

***01.*** **বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কী বলে?**

a) বিভক্তি b) কারক
c) প্রত্যয় d) অনুসর্গ ***ans.* B**

***Solution:*** বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক থাকে তাকে **কারক** বলে। উল্লেখ্য, বাক্যস্থিত একটি শব্দের সঙ্গে অন্য শব্দের অন্বয় সাধনের জন্য শব্দের সঙ্গে যে সকল বর্ণ যুক্ত হয়, তাদের **বিভক্তি** বলে।

***02.*** **ক্রিয়ার বিষয়কে কী বলে?**

a) কর্ম b) পদ
c) সমাস d) করণ ***ans.* A**

***Solution:*** বাংলা ব্যাকরণে ক্রিয়ার বিষয় বলতে বোঝায় ক্রিয়ার উপর যে কাজটি সংঘটিত হয় বা ক্রিয়া যার জন্য ঘটে। এটি কর্ম হিসেবে পরিচিত। যেমনঃ 'করিম আম খাচ্ছে'। এখানে 'খাচ্ছে' ক্রিয়া এবং 'আম' হলো সেই ক্রিয়ার বিষয় বা যা খাওয়া হচ্ছে। তাই, 'আম' হল কর্ম।

***03.*** **'অতিকায়' শব্দের বিপরীত শব্দকে কোনটি?**

a) অল্প b) অনু
c) ক্ষুদ্রকায় d) বৃহৎ ***ans.* C**

***Solution:*** উল্লেখ্য,

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| অনশন | অশন | অলস | কর্মঠ / পরিশ্রমী |
| অন্তর | বাহির | অলীক | সত্য / বাস্তব |
| অতিকায় | ক্ষুদ্রকায় | অর্পণ | গ্রহণ / প্রত্যর্পণ |
| অতিবৃষ্টি | অনাবৃষ্টি | অপচয় | সঞ্চয় / উপচয় |
| উপচিকীর্ষা | অপচিকীর্ষা | উতরানো | তলানো |
| উপকার | অপকার | উজার | ভরপুর |
| ঠুনকো | মজবুত | ঠিক | বেঠিক |
| ডাগর | বেঁটে / ছোট | ডানপিঠে | শান্ত |

***04.*** **কোন বানানটি শুদ্ধ**

a) অথিতি b) অতীথি
c) অতিথি d) অতিথী ***ans.* C**

***Solution:*** কিছু গুরুত্বপূর্ণ বানান-

| | | | | |
|---|---|---|---|---|
| ন্যূনতম | মরুভূমি | শূন্য | সূচনা | স্ফূর্তি |
| শরীর | মরীচিকা | প্রতীক্ষা | তীক্ষ্ণ | নিশীথ |
| নিপীড়িত | গীতাঞ্জলি | আহূত | মূর্ধন্য | শুশ্রূষা |
| বাঁশ | পাঁচ | আঁধার | ভূষণ | ইতোমধ্যে |

***05.*** **'গায়ক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) গৈ + অক b) গৈ + ক
c) গা + অক d) গ + অক ***ans.* A**

***Solution:*** এ, ঐ, ও, ঔ কারের পরে এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমনঃ নৈ + অক = নায়ক; লো + অন = লবণ; গৌ + আদি = গবাদি; পৌ + অন = পবন।

***06.*** **'ঝিনুক থেকে মুক্তো মেলে'। এখানে 'ঝিনুক' কোন কারক?**

a) সম্প্রদান কারক b) অপাদান কারক
c) অধিকরণ কারক d) কর্ম কারক ***ans.* B**

***Solution:*** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমনঃ
বিচ্যুতঃ **গাছ থেকে** পাতা পড়ে। **মেঘ থেকে** বৃষ্টি পড়ে।
গৃহীতঃ **সুক্তি থেকে** মুক্তো মেলে। **দুধ থেকে** দই হয়।
জাতঃ **জমি থেকে** ফসল পাই। **খেজুর রসে** গুড় হয়।

***07.*** **কার্তিক ও অগ্রহায়ণ দুই মাস কি কাল?**

a) শরৎকাল b) হেমন্তকাল
c) শীতকাল d) বসন্তকাল ***ans.* B**

***Solution:*** বাংলার ঋতু চক্রে মোট ছয়টি ঋতু রয়েছে, প্রতিটি দুটি করে মাস নিয়ে গঠিত।

১. গ্রীষ্ম = বৈশাখ - জৈষ্ঠ্য।
২. বর্ষা = আষাঢ় - শ্রাবণ।
৩. শরৎ = ভাদ্র - আশ্বিন।
৪. হেমন্ত = কার্তিক - অগ্রহায়ণ।
৫. শীত = পৌষ - মাঘ।
৬. বসন্ত = ফাল্গুন - চৈত্র।

***08.*** **'যা আঘাত পায় নি'। বাক্যটির এক কথায় প্রকাশ হল**

a) অনাঘাত b) অনঘাত
c) অনাহুত d) অনাহত ***ans.* D**

***Solution:***

| | |
|---|---|
| যা আঘাত পায় নি = অনাহত | যা আহুত (ডাকা) হয় নি = অনাহুত |

***09.*** **কোন বানানটি শুদ্ধ?**

a) গৃহিনী b) গৃহীনী
c) গৃহিণী d) গৃহিনি ***ans.* C**

***Solution:*** কিছু গুরুত্বপূর্ণ বানান-

| | | | | |
|---|---|---|---|---|
| ষাণ্মাসিক | শুচিস্মিতা | মুহুর্মুহু | সংশপ্তক | লবণ |
| বিভীষিকা | দৌরাত্ম্য | ভদ্রোচিত | সন্ন্যাসী | মনীষী |
| ক্ষুৎপিপাসা | উচিত | পূর্বাহ্ণ | মধ্যাহ্ন | সায়াহ্ন |
| ব্রাহ্মণ | অপরাহ্ণ | তিরস্কার | শ্রদ্ধাঞ্জলি | জগৎচন্দ্র |

***10.*** **কোনটি খাঁটি বাংলা উপসর্গ?**

a) অব b) অতি
c) ইতি d) পারি ***ans.* C**

***Solution:*** খাঁটি বাংলা উপসর্গ মোট ২১টিঃ অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন (ঊনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

***11.*** **'মন না মতি' বাগধারাটির অর্থ কি?**

a) ভদ্রলোক b) অপদার্থ
c) মূল্যবান d) অস্থির মানব মন ***ans.* D**

***Solution:*** "মন না মতি" বাগধারাটি এমন একজন ব্যক্তিকে বোঝাতে ব্যবহৃত হয় যার মন বা মনের স্থিরতা নেই, অর্থাৎ যিনি সবসময় দোটানায় থাকেন বা সিদ্ধান্তহীনতায় ভোগেন। এটি অস্থির মনের প্রতীক হিসেবে ব্যবহৃত হয়।

**12. 'কপোল' এর প্রতিশব্দ কি?**
a) ভাগ্য b) গাল
c) ললাট d) কপাল **ans. B**

**Solution:** 'কপোল' শব্দের অর্থ গাল, গণ্ড। 'কপাল' শব্দের অর্থ ললাট, মাথার খুলি।

**13. 'দম্পতি' কোন সমাস?**
a) অব্যয়ীভাব b) দ্বন্দ্ব
c) কর্মধারয় d) তৎপুরুষ **ans. B**

**Solution:** যে দ্বন্দ্ব সমাসে সম্বন্ধ বুঝায় তাকে সম্বন্ধ বাচক দ্বন্দ্ব সমাস বলে। যেমনঃ জায়া ও পতি = দম্পতি। জলে-স্থলে, হাতে-কলমে, দুধে-ভাতে, দেশে-বিদেশে ইত্যাদি।

**14. 'একাদশে বৃহস্পতি' এর অর্থ কি?**
a) আশার কথা b) সৌভাগ্যের বিষয়
c) মজা পাওয়া d) আনন্দের বিষয় **ans. B**

**Solution:** 'একাদশে বৃহস্পতি' বাংলা প্রবাদ-প্রবচনের একটি। এর অর্থ হলো সৌভাগ্যের বিষয়। একাদশ (১১) সংখ্যাটি এখানে বৃহস্পতির সঙ্গে যুক্ত হয়েছে, যা জ্যোতিষ শাস্ত্র অনুযায়ী সৌভাগ্যের প্রতীক হিসেবে গণ্য হয়। বৃহস্পতি গ্রহকে জ্যোতিষ শাস্ত্রে শাস্ত্রজ্ঞ, শুভ ফল প্রদানকারী এবং ধন-সম্পদ, জ্ঞান ও সৌভাগ্যের কারক হিসেবে ধরা হয়। সুতরাং, 'একাদশে বৃহস্পতি' বলতে বোঝানো হয় এমন একটি পরিস্থিতি, যেখানে সৌভাগ্য দ্বিগুণ বা বহুগুণে বৃদ্ধি পায়।

**15. "ঝাঁকের কই" বাগধারাটির অর্থ কি?**
a) অসম্ভব চালাক b) একই দলের লোক
c) একতাই বল d) বর্ষাকালীন মাছ **ans. B**

**Solution:** "ঝাঁক" বলতে বোঝানো হয় মাছেদের একসঙ্গে চলা বা একই দলের অংশ। কই মাছ যদি ঝাঁকের মধ্যে থাকে, তাহলে তা ঝাঁকের অন্য মাছের সাথেই চলাফেরা করে। এটি মূলত এক ধরনের একতা বা সাদৃশ্যের প্রতীক। তাই, 'ঝাঁকের কই' বলতে বোঝানো হয় একই দলের বা একই ভাবধারার লোক।

**16. "ক্রীতদাসের হাসি" উপন্যাসের লেখক কে?**
a) আহসান হাবীব b) সৈয়দ ওয়ালীউল্লাহ
c) শওকত ওসমান d) আবুল ফজল **ans. C**

**Solution:** 'ক্রীতদাসের হাসি' শওকত ওসমান (১৯৬২) রচিত প্রতীকধর্মী উপন্যাস। 'ক্রীতদাসের হাসি' উপন্যাসে তৎকালীন পাকিস্তানিদের বিরূপ শাসনের সমালোচনা করা হয়েছে। এটি শওকত ওসমানের সর্বশ্রেষ্ঠ উপন্যাস বলে স্বীকৃত। উল্লেখ্য, তাঁর রচিত অন্যান উপন্যাসঃ সমাগম (১৯৬৭), চৌরসন্ধি (১৯৬৮), রাজা উপাখ্যান (১৯৭০), দুই সৈনিক (১৯৭৩), নেকড়ে অরণ্য (১৯৭৩) জলাংগী (১৯৮৬) ইত্যাদি।

**17. 'পয়জার' এর সমার্থক শব্দ কোনটি?**
a) ছুতার b) পাদুকা
c) উন্মাদ d) নদী **ans. B**

**Solution:** 'পয়জার' শব্দের অর্থ জুতা বা পাদুকা।

**18. 'বামেতর' শব্দটির অর্থ অর্থ কী?**
a) বামচোখ b) ইতর
c) বামদিক d) ডান **ans. D**

**Solution:** 'বামেতর' শব্দটির অর্থঃ ডান, ডাহিন, দক্ষিণ।

**19. 'যা নিন্দার যোগ্য নয়'**
a) নিন্দনীয় b) প্রশংসনীয়
c) অনিন্দ্য d) লিপ্সা **ans. C**

**Solution:** যা নিন্দার যোগ্য = নিন্দনীয়। যা প্রশংসার যোগ্য = প্রশংসনীয়; নেই স্পৃহা যার = নিস্পৃহ।

**20. কোনটি তৎসম শব্দ?**
a) বাজনা b) মানব
c) সন্ধ্যা d) খোকা **ans. Note**

**Solution:** মানব, বাজনা, সন্ধ্যা তিনটি শব্দই তৎসম বা সংস্কৃতজাত শব্দ। আরও কয়েকটি তৎসম শব্দঃ চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভুবন, ধর্ম, মস্তক, অরণ্য, বৃক্ষ, ভোজন, পদ, বায়ু, আকাশ, গৃহ ইত্যাদি। আর খোকা হলো তুর্কি শব্দ।

**21. It is I who ____ to blame.**
a) am b) were
c) is d) has **ans. A**

**Solution:** Relative pronoun গুলি দুটি বাক্যের মধ্যে সম্পর্ক স্থাপন করে। এগুলো বাক্যের মাঝে বসে দুটি Clause কে যুক্ত করে Complex বাক্য গঠন করে। Relative pronoun এর পূর্বে Subject অনুযায়ী Verb হবে অর্থাৎ I এর Verb হবে 'am'। যেমনঃ This is the man <u>who</u> is my father. এখানে 'who' হলো Relative pronoun.
বাক্যের অর্থঃ ইহাই আমি যাকে দোষী সাব্যস্ত করা যায়।

**22. Ram as well as Rahim ____ there.**
a) were b) was
c) has d) have **ans. B**

**Solution:** বাক্যে As well as, along with, in addition to ইত্যাদি থাকলে প্রথম Subject অনুযায়ী Verb নির্ধারিত হয়।
বাক্যের অর্থঃ রাম ও রহিম সেখানে ছিল।

**23. Synonym of 'Indigenous' is**
a) Alien b) Local
c) Poor d) Modern **ans. B**

**Solution:** Indigenous অর্থ দেশীয়। Alien অর্থ ভিন গ্রহের বাসিন্দা। Local অর্থ স্থানীয় বা আঞ্চলিক। Poor অর্থ গরীব। Active অর্থ সক্রিয়।

**24. Antonym of 'Gentle' is**
a) modest b) brash
c) claret d) rude **ans. D**

**Solution:** Gentle অর্থ অমায়িক; নম্র; শান্ত। আর এর Antonym হলো Rude (অভদ্র; রূঢ়)। উল্লেখ্য,

| মূল শব্দ | বাংলা অর্থ |
|---|---|
| Modest | বিনয়ী; অনুদ্ধত, নিরহঙ্কার |
| Brash | অবিবেচক |
| Claret | বিশেষ ধরণের গাঢ় লাল রং |

***25.*** **Antonym of 'Pleasure' is**

a) pain　b) happiness
c) well　d) hypocrisy　***ans.* A**

**Solution:** Pleasure অর্থ আনন্দ, এর বিপরীত শব্দ Pain (ব্যথা / বেদনা)। কিন্তু, Well অর্থ ভালো। Happiness অর্থ সুখ। Hypocrisy অর্থ ভণ্ডামী।

***26.*** **Which one is conjunction?**

a) or　b) vary
c) out　d) for　***ans.* A**

**Solution:** যে Word দুই বা ততোধিক Words, Phrase, Clauses, Sentences কে যুক্ত করে তাদেরকে Conjunction বলে। যেমনঃ And, But, As, So, or, Yet, Either, Neither, After, Before, Since, So that, That ইত্যাদি Words Conjunction রূপে ব্যবহৃত হয়।

***27.*** **____ the country is underdeveloped, it is beautiful.**

a) Although　b) but
c) it　d) where　***ans.* A**

**Solution:** বাক্যটি বিশ্লেষণ করলে দেখা যায়, এটি দুটি অংশে বিভক্ত। প্রথম অংশে বলা হয়েছে, 'the country is underdeveloped' (দেশটি অনুন্নত), এবং দ্বিতীয় অংশে বলা হয়েছে, 'It is beautiful' (এটি সুন্দর)।

এখানে প্রথম অংশের সাথে দ্বিতীয় অংশের মধ্যে বিরোধ বা বৈপরীত্য রয়েছে। এমন ক্ষেত্রে Although (যদিও) ব্যবহার করা হয়। এটি একটি সংযোগকারী শব্দ (Conjunction), যা দুটি বৈপরীত্যপূর্ণ বক্তব্যকে যুক্ত করে।

**বাক্যের অর্থঃ** যদিও দেশটি অনুন্নত, তবে এটি সুন্দর।

***28.*** **Neither my brother ____ my sister own a car.**

a) nor　b) and
c) but　d) so　***ans.* A**

**Solution:** এই বাক্যটি একটি Negative (নেতিবাচক) ধারণা প্রকাশ করছে, যেখানে বলা হচ্ছে যে 'আমার ভাই বা বোন কেউই গাড়ির মালিক নয়'। এখানে Neither এবং Nor একসাথে ব্যবহৃত হয় একটি নেতিবাচক বাক্য গঠনের জন্য। Neither ... nor এর অর্থ: 'না এটা, না ওটা।' এটি দুইটি বস্তু বা ব্যক্তির ক্ষেত্রে নেতিবাচক অর্থ প্রকাশ করতে ব্যবহৃত হয়। বাক্যের গঠনঃ Neither + sub + nor + sub হয়।

**বাক্যের অর্থঃ** আমার ভাই বা বোনের কারো গাড়ি নেই।

***29.*** **The prices of rice are ____.**

a) raising　b) risen
c) rising　d) raised　***ans.* C**

**Solution:** Present continuous tense এ সাহায্যকারী Verb হিসেবে 'are' আছে বলে শূন্যস্থানে 'ing' যুক্ত মূল Verb বসবে। এখানে Raising অর্থ উঠানো বা উত্তোলন করা। তাই মূল্য বৃদ্ধি অর্থে Raising উত্তর হবে।

**বাক্যের অর্থঃ** চালের দাম বাড়ছে।

***30.*** **I have ____ my supper.**

a) has　b) will have
c) had　d) having　***ans.* C**

**Solution:** বাক্যটি বর্তমানে সম্পন্ন হওয়া একটি কাজ নির্দেশ করছে। Sentence টি Present perfect tense তাই 'have' এরপর মূল Verb এর Past participle tense হবে। তাই অপশন গুলোর মধ্যে শুধু 'had' হবে। আর

| | |
|---|---|
| Has | এটি তৃতীয় পুরুষ একবচনের (he, she, it) জন্য ব্যবহৃত হয়, কিন্তু এখানে subject 'I', তাই এটি সঠিক নয়। |
| Will have | এটি ভবিষ্যৎ কাল নির্দেশ করে, কিন্তু বাক্যে বর্তমান বা অতীতে সম্পন্ন হওয়া কাজের কথা বলা হয়েছে। |
| Had | এটি বর্তমান বা অতীতে সম্পন্ন হওয়া কাজের জন্য সঠিক উত্তর। বাক্যটি বর্তমান কাল বা Present perfect tense নির্দেশ করে। |
| Having | এটি Present participle, যা মূলত কার্যক্রম চলমান থাকার সময় ব্যবহৃত হয়। এটি এখানে সঠিক নয়। |

**বাক্যের অর্থঃ** আমি আমার রাতের খাবার খেয়ে নিয়েছি।

***31.*** **He ____ while I was reading.**

a) come　b) came
c) has come　d) coming　***ans.* B**

**Solution:** অতীতের দুটি সমসাময়িক কাজ When/while বা As (যখন অর্থে) দ্বারা যুক্ত হলে When/while বা As (যখন অর্থে) যুক্ত অংশটি Past continuous tense হয়, অপরটি হয় Past indefinite. উল্লেখ্য, While এরপর Subject থাকলে এ নিয়ম প্রযোজ্য। কিন্তু While এরপর Subject না এসে সরাসরি Verb এলে এর সাথে 'ing' যুক্ত হবে।

**বাক্যের অর্থঃ** আমি যখন পড়ছিলাম তখন সে এল।

***32.*** **Past form of 'Wear' is**

a) weared　b) wore
c) worn　d) worned　***ans.* B**

**Solution:** Wear এর Past রূপ Wore এবং Past participle রূপ Worn যার অর্থ পরিধান করা; পড়া।

***33.*** **Which is the Past form of 'buy'?**

a) boght　b) buyed
c) brought　d) bought　***ans.* D**

**Solution:** Buy এর Past এবং Past participle রূপ হলো Bought. তাই সঠিক উত্তর হলো অপশন *d*).

জানার জন্যঃ Bring অর্থ আনা; আনয়ন করা যার Past এবং Past participle রূপ হলো Brought.

**34. The train is running ____ forty miles an hour?**

a) on b) to

c) at d) for **ans. C**

**Solution:** গাড়ি বা ট্রেনের গতিবেগের (Miles per hour বা Meter per hour ইত্যাদি) পূর্বে 'at' বসে।

বাক্যের অর্থঃ ট্রেনটি চল্লিশ মাইল/ঘন্টা বেগে চলছে।

**35. Julia has been ill ____ three months.**

a) since b) about

c) in d) for **ans. D**

**Solution:** নির্দিষ্ট সময় (Point in time) বুঝাতে Since বসে এবং কিছু পরিমাণ সময় (Period of time) বুঝাতে 'for' বসে।

বাক্যের অর্থঃ জুলিয়া তিন মাস ধরে অসুস্থ।

**36. Dhaka is becoming one of the ____ cities in Asia**

a) More busy b) busy

c) busiest d) most busiest **ans. C**

**Solution:** One of the এর পর superlative degree + plural form বসে। তার মানে, one of the busiest cities হবে; আবার superlative form না থাকলেও one of the-এর পর plural form বসে। যেমন: One of the books are missing. (বইগুলোর একটি অনুপস্থিত)।

বাক্যের অর্থঃ ঢাকা এশিয়ার মধ্যে অন্যতম ব্যস্ত শহর।

**37. What is the masculine gender of 'mare'?**

a) Mermaid b) Bear

c) Stallion d) Dog **ans. C**

**Solution:** বেশির ভাগ ক্ষেত্রে সম্পূর্ণ ভিন্ন শব্দ ব্যবহার করে Masculine থেকে Feminine gender গঠন করা হয়। যেমনঃ

| Masculine | Feminine | Masculine | Feminine |
|---|---|---|---|
| Horse, Stallion | Mare | Nephew | Niece |
| Gander | Goose | Drake | Duck |
| Fox | Vixen | Swain | Nymph |
| Sire | Dame | Milter | Spawner |

**38. Which one is in feminine form?**

a) Deer b) Bull

c) Horse d) Doe **ans. D**

**Solution:** এখানে Doe (স্ত্রী জাতীয় হরিণ অথবা খরগোশ) হলো Feminine form.

| Masculine | Feminine |
|---|---|
| Bull (বলদ) | Cow (গাভী) |
| Horse (ঘোড়া) | Mare (ঘোটকী) |
| Buck (হরিণ) | Doe (হরিণী) |

আর Deer হলো Common Gender.

**39. Singular form of 'data' is**

a) dat b) datas

c) datum d) none **ans. C**

**Solution:** বিভিন্ন ভাষা থেকে ইংরেজি ভাষায় Foreign plural নিজেদের স্থান দখল করে নিয়েছে এবং বর্তমানে এরা ইংরেজি ভাষার অবিচ্ছেদ্য অংশ

| Singular | Plural |
|---|---|
| *Datum* (উপাত্ত) | *Data* |
| *Agendum* (বিচার্য বিষয়/ আলোচ্য সূচি) | *Agenda* |
| *Alumnus* (প্রাক্তন ছাত্র) | *Alumni* |
| *Appendix* (পরিশিষ্ট) | *Appendices* |
| *Axis* (অক্ষ) | *Axes* |

**40. What is the past participle of 'arise'?**

a) arised b) arose

c) arisen d) arissed **ans. C**

**Solution:** মনে রাখবেন Arise, Rise এবং Raise এর মধ্যে অনেক পার্থক্য আছে। নিচের ছকটি দেখুনঃ

| Present | Past | Participle |
|---|---|---|
| Raise (উঠানো; বাড়ানো; উত্থাপন করা; গড়ে তোলা; লালন-পালন করা) | Raised | Raised |
| Rise (ওঠা; বৃদ্ধি পাওয়া) | Rose | Risen |
| Arise (জেগে ওঠা; জটিল পরিস্থিতি সৃষ্টি হওয়া) | Arose | Arisen |

**41. ছয় অংকের ক্ষুদ্রতম সংখ্যা এবং চার অংকের বৃহত্তম সংখ্যার অন্তর কত?**

a) ১০০০০ b) ৯

c) ৯০০০১ d) ১০০০৯ **ans. C**

**Solution:** ছয় অংকের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০০

চার অংকের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯

অন্তর = ৯০০০১

**42. ১ হতে ১০ পর্যন্ত সংখ্যাগুলোর সমষ্টি কত?**

a) ৫৫ b) ৪৫

c) ৬০ d) ৪১ **ans. A**

**Solution:** ১ থেকে ১০ পর্যন্ত সংখ্যা আছে = ১০টি

∴ ১ থেকে ১০ পর্যন্ত সংখ্যাগুলোর গড়

$= \frac{n+১}{২} = \frac{১০+১}{২} = ৫.৫$

∴ ১ থেকে ১০ পর্যন্ত সংখ্যাগুলোর সমষ্টি

$= ৫.৫ \times ১০ = ৫৫$

**Alternative:** আমরা জানি, $\frac{n(n+1)}{2} = \frac{10 \times 11}{2} = 55$

**43. ভাজক ভাগফলের 10 গুণ, ভাজক 0.5 হলে ভাজ্য কত?**

a) 0.025 b) 0.25
c) 25 d) 2.5 ***ans.* A**

***Solution:*** দেয়া আছে, ভাজক = 0.5 যা ভাগফলের 10 গুণ।

$\therefore$ ভাগফল $= \frac{0.5}{10} = 0.05$

আমরা জানি, ভাজ্য = ভাজক $\times$ ভাগফল

$\therefore$ ভাজ্য $= 0.5 \times 0.05 = 0.025$

**44. ১ থেকে ৩০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা আছে?**

a) ১১টি b) ১০টি
c) ৯টি d) ৮টি ***ans.* B**

***Solution:*** ১ থেকে ৩০ পর্যন্ত ১০টি মৌলিক সংখ্যা আছে।

| সীমা | মৌলিক সংখ্যা | মোট মৌলিক সংখ্যা | সর্বমোট |
|---|---|---|---|
| ১-১০ | ২,৩,৫,৭ | ৪টি | ৪টি (১-১০) |
| ১১-২০ | ১১,১৩,১৭,১৯ | ৪টি | ৮টি (১-২০) |
| ২১-৩০ | ২৩,২৯ | ২টি | ১০টি(১-৩০) |
| ৩১-৪০ | ৩১,৩৭ | ২টি | ১২টি (১-৪০) |
| ৪১-৫০ | ৪১,৪৩,৪৭ | ৩টি | ১৫টি (১-৫০) |
| ৫১-৬০ | ৫৩,৫৯ | ২টি | ১৭টি(১-৬০) |
| ৬১-৭০ | ৬১,৬৭ | ২টি | ১৯টি(১-৭০) |
| ৭১-৮০ | ৭১,৭৩,৭৯ | ৩টি | ২২টি (১-৮০) |
| ৮১-৯০ | ৮৩,৮৯ | ২টি | ২৪টি (১-৯০) |
| ৯১-১০০ | ৯৭ | ১টি | ২৫টি(১-১০০) |

**45. $\sqrt{১} + \sqrt{১}$ এর বর্গ কত?**

a) ৪ b) ২$\sqrt{১}$
c) $\sqrt{২}$ d) ১ ***ans.* A**

***Solution:*** দেয়া আছে, $\sqrt{১} + \sqrt{১} = ২\sqrt{১}$

এখন, ২$\sqrt{১}$ এর বর্গ হলো

$(২\sqrt{১})^২ = ৪ \times ১ = ৪.$

**46. ৫ জন সদস্যের একটি সমিতির প্রত্যেকেই সদস্য সংখ্যার ৫ গুণ করে চাঁদা দিলে চাঁদার পরিমাণ কত হবে?**

a) ২২৫ b) ১০০
c) ১২৫ d) ১৫০ ***ans.* C**

***Solution:*** প্রত্যেকে দেয় ৫ এর ৫ গুণ = ৫ × ৫ = ২৫

এখন মোট চাঁদা দেয় = ২৫ × ৫ = ১২৫

**47. তিনটি ক্রমিক সংখ্যার যোগফল ৩৩ হলে, তাদের গুণফল কত হবে?**

a) ১২০০ b) ১২১০
c) ১৪৪০ d) ১৩২০ ***ans.* D**

***Solution:*** ধরি, প্রথম সংখ্যা $x$

$\therefore$ দ্বিতীয় সংখ্যা $(x + 1)$ এবং তৃতীয় সংখ্যা $(x + 2)$

প্রশ্নমতে, $x + x + 1 + x + 2 = 33$

$\Rightarrow 3x + 3 = 33$

$\Rightarrow 3x = 33 - 3 = 30$

$\therefore x = \frac{30}{3} = 10$

অতএব, সংখ্যা ৩টি হলো যথাক্রমে

$= 10, (10 + 1) = 11$ এবং $(10 + 2) = 12$

$\therefore$ সংখ্যা তিনটির গুণফল $= 10 \times 11 \times 12 = 1320$

**48. কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম?**

a) $\frac{৫}{৬}$ b) $\frac{১২}{১৫}$
c) $\frac{১১}{১৪}$ d) $\frac{১৭}{২১}$ ***ans.* C**

***Solution:*** $\frac{৫}{৬} \times \frac{১২}{১৫}$ ; ৭৫ > ৭২ এখানে $\frac{১২}{১৫}$ হলো ক্ষুদ্রতর।

$\frac{১২}{১৫} \times \frac{১১}{১৪}$ ; ১৬৮ > ১৬৫ এখানে $\frac{১১}{১৪}$ হলো ক্ষুদ্রতর।

$\frac{১১}{১৪} \times \frac{১৭}{২১}$ ; ২৩১ < ২৩৮, এখানে $\frac{১১}{১৪}$ হলো ক্ষুদ্রতম।

$\therefore$ ক্ষুদ্রতম ভগ্নাংশ হলো $\frac{১১}{১৪}$

**49. এক ব্যক্তি তার আয়ের $\frac{১}{২}$ অংশের পরিবর্তে $\frac{১}{৩}$ অংশ ব্যয় করলে ৫,০০০ টাকা কম খরচ হতো। তার আয় কত?**

a) ২০,০০০ টাকা b) ২৫,০০০ টাকা
c) ৩০,০০০ টাকা d) ৩৫,০০০ টাকা ***ans.* C**

***Solution:*** ধরি, লোকটির আয় $x$ টাকা

প্রশ্নমতে, $x$ এর $\frac{১}{২}$ অংশ $-$ $x$ এর $\frac{১}{৩}$ অংশ = ৫,০০০

$\Rightarrow \frac{x}{২} - \frac{x}{৩} = ৫,০০০$

$\Rightarrow \frac{৩x - ২x}{৬} = ৫,০০০$

$\therefore x = ৩০,০০০$ টাকা।

**50. পানি ভর্তি একটি বালতির ওজন ১২ কেজি। বালতির অর্ধেক পানি ভর্তি হলে তার ওজন হয় ৭ কেজি। খালি বালতির ওজন কত?**

a) ২ কেজি b) ৩ কেজি
c) ৪ কেজি d) ৫ কেজি ***ans.* A**

***Solution:*** সম্পূর্ণ পানি + বালতির ওজন = ১২ কেজি

$\frac{১}{২}$ অর্ধেক পানি + বালতির ওজন = ৭ কেজি

$\therefore$ $\frac{১}{২}$ অর্ধেক পানির ওজন = ৫ কেজি

সুতরাং সম্পূর্ণ পানির ওজন = ৫ × ২ = ১০ কেজি

$\therefore$ খালি বালতির ওজন = ১২ − ১০ = ২ কেজি

**51. একটি আয়তক্ষেত্রের পরিসীমা ৪০ মিটার এবং প্রস্থ ৫ মিটার হলে, দৈর্ঘ্য কত মিটার?**

a) ২০ b) ১৫
c) ১০ d) ২৫ ***ans.* B**

***Solution:*** দেয়া আছে, একটি আয়তক্ষেত্রের পরিসীমা ৪০ মিটার। এর প্রস্থ ৫ মিটার।

প্রশ্নমতে ২(দৈর্ঘ্য + প্রস্থ) = পরিসীমা

$\Rightarrow$ ২(দৈর্ঘ্য + ৫) = ৪০

⇒ ২ দৈর্ঘ্য + ১০ = ৪০

⇒ ২ দৈর্ঘ্য = ৪০ - ১০

⇒ ২ দৈর্ঘ্য = ৩০

∴ দৈর্ঘ্য = ১৫

***52.*** $\frac{a - b}{ab} + \frac{b - c}{bc} + \frac{c - a}{ca} = ?$

a) 0 b) 1

c) $\frac{1}{2}$ d) $\frac{1}{abc}$ ***ans.* A**

**Solution:** দেয়া আছে, $\frac{a - b}{ab} + \frac{b - c}{bc} + \frac{c - a}{ca}$

$= \frac{a}{ab} - \frac{b}{ab} + \frac{b}{bc} - \frac{c}{bc} + \frac{c}{ca} - \frac{a}{ca}$

$= \frac{1}{b} - \frac{1}{a} + \frac{1}{c} - \frac{1}{b} + \frac{1}{a} - \frac{1}{c}$

$= 0$

***53.*** **$(x^2 + x - 20)$ এর উৎপাদক কোনটি?**

a) $(x - 5)(x + 4)$ b) $(x + 5)(x - 4)$

c) $(x + 5)(x + 4)$ d) $(x - 5)(x - 4)$ ***ans.* B**

**Solution:** দেয়া আছে, $x^2 + x - 20$

$= x^2 + 5x - 4x - 20$

$= x(x + 5) - 4(x + 5)$

$= (x + 5)(x - 4)$

***54.*** **৮, ১২, ৩৬, ৭২, ১৪৪ এর ল.সা.গু কত?**

a) ২৮৮ b) ১৪৪

c) ৫৭৬ d) ৪৮৮ ***ans.* B**

**Solution:** ৮, ১২, ৩৬, ৭২, ১৪৪ এর ল.সা.গু. হলোঃ

৪ | ৮, ১২, ৩৬, ৭২, ১৪৪

৩ | ২, ৩, ৯, ১৮, ৩৬

৩ | ২, ১, ৩, ৬, ১২

২ | ২, ১, ১, ২, ৪

১, ১, ১, ১, ২

∴ নির্ণেয় ল.সা.গু. = ৪ × ৩ × ৩ × ২ × ২ = ১৪৪

***55.*** **একটি কোণের দ্বিগুণ ৬০° হলে তার পূরক কোণ কত?**

a) ৬০° b) ১৫°

c) ৩০° d) ২০° ***ans.* A**

**Solution:** 30° কোণের দ্বিগুণ 60°।

দুইটি কোণের সমষ্টি 90° হলে একটিকে অপরটির পূরক কোণ বলে।

∴ 30° কোণের পূরক কোণ (90° – 30°) = 60°

***56.*** **এশিয়ার ক্ষুদ্রতম দেশ কোনটি?**

a) ভুটান b) নেপাল

c) শ্রীলংকা d) মালদ্বীপ ***ans.* D**

**Solution:** এশিয়ার ক্ষুদ্রতম দেশ মালদ্বীপ (২৯৮ বর্গকিমি)। আয়তনে পৃথিবীর সবচেয়ে ছোট দেশ ভ্যাটিকান সিটি। আর বৃহত্তম দেশ রাশিয়া। আয়তনে ক্ষুদ্রতম দেশ:

| দেশ | আয়তন (বর্গ কিমি) | অবস্থান |
|---|---|---|
| ভ্যাটিকান সিটি | ০.৪৪ | ইউরোপ |
| মোনাকো | ২ | ইউরোপ |
| নাউরু | ২১ | ওশেনিয়া |
| টুভ্যালু | ২৬ | ওশেনিয়া |
| সান ম্যারিনো | ৬১ | ইউরোপ |

***57.*** **এশিয়া মহাদেশে দেশের সংখ্যা কয়টি?**

a) ৩৩টি b) ৩৫টি

c) ৫৩টি d) ৪৪টি ***ans.* D**

**Solution:** এশিয়া মহাদেশে মোট ৪৪টি দেশ রয়েছে। তবে এটি জাতিসংঘ এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থার স্বীকৃতি অনুযায়ী কিছুটা ভিন্ন হতে পারে। এশিয়া মহাদেশকে সাধারণত ৫টি অঞ্চলে ভাগ করা হয়:

| | |
|---|---|
| পূর্ব এশিয়া (East Asia) | ৫টি |
| দক্ষিণ-পূর্ব এশিয়া (Southeast Asia) | ১১টি |
| দক্ষিণ এশিয়া (South Asia) | ৯টি |
| মধ্য এশিয়া (Central Asia) | ৫টি |
| পশ্চিম এশিয়া (West Asia) | ১৪টি |

এশিয়ার দেশগুলোর মধ্যে জনসংখ্যা এবং ভৌগোলিক বৈচিত্র্য অত্যন্ত উল্লেখযোগ্য।

***58.*** **পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গ কোনটি?**

a) কাঞ্চনজঙ্গা b) অন্নপূর্ণ

c) এভারেস্ট d) মাউন্ট ব্ল্যাঙ্ক ***ans.* C**

**Solution:** মহাদেশভিত্তিক সর্বোচ্চ পর্বতশৃঙ্গের নামঃ

| | | |
|---|---|---|
| এশিয়া | মাউন্ট এভারেস্ট | ৮,৮৪৮.৮৬ মিটার |
| ইউরোপ | মাউন্ট এলব্রুস | ৫,৬৩৩ মিটার |
| আফ্রিকা | কিলিমাঞ্জারো | ৫,৯৬৩ মিটার |
| উত্তর আমেরিকা | মাউন্ট ডেনালি | ৬,১৯৪ মিটার |
| দক্ষিণ আমেরিকা | অ্যাকাঙ্কাগুয়া | ৬,৯৫৯ মিটার |
| ওশেনিয়া | পুঁসাক জায়া | ৪,৮৮৪ মিটার |
| এন্টার্কটিকা | ভিনসন ম্যাসিক | ৪,৮৯৭ মিটার |

***59.*** **ইন্টারনেট কবে চালু হয়?**

a) ১৯৮১ b) ১৯৭০

c) ১৯৬০ d) ১৯৬৯ ***ans.* D**

**Solution:** ইন্টারনেট চালু হয় ১৯৬৯ সালে। টেলিযোগাযোগ প্রযুক্তিকে ব্যবহার করে কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে ইন্টারনেট বলা হয়। ইন্টারনেট এর শব্দগত বিশ্লেষণ করলে তাকে International Network এর সংক্ষিপ্ত রূপ হিসেবে পাওয়া যায়। ইন্টারনেটের ব্যাপক ব্যবহার ১৯৯০ সাল থেকে শুরু হলেও এর প্রকৃত যাত্রা আরম্ভ হয় ১৯৬৯ সাল থেকে। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর সে বছর Advance Research Projects Agency Network (ARPAnet) চালু করে। এটি কম্পিউটার নেটওয়ার্ক জগতে মানুষের প্রথম পদক্ষেপ। উল্লেখ্য, বাংলাদেশে প্রথম ইন্টারনেট চালু হয় ১৯৯৬ সালে।

***60.*** **ইন্টারনেট ব্যবহারে বর্তমানে শীর্ষ দেশ কোনটি?**

a) চীন b) জার্মানি

c) শ্রীলংকা d) ভারত ***ans.* A**

***61.*** **চীনের মহাপ্রাচীরের দৈর্ঘ্য কত?**

a) ২০০০ কি.মি

b) ২৪০০ কি.মি

c) ৩০০০ কি.মি

d) ২৯০০ কি.মি ***ans.* Note**

**Solution:** চীনের মহাপ্রাচীরের মোট দৈর্ঘ্য প্রায় ২১,১৯৬ কিলোমিটার (১৩,১৭১ মাইল)। এটি বিভিন্ন সময়ে বিভিন্ন রাজবংশ দ্বারা নির্মিত হয়েছিল, যার মধ্যে বেশিরভাগই মিং রাজবংশের সময় নির্মিত। মহাপ্রাচীরটি মূলত সামরিক প্রতিরক্ষার জন্য নির্মিত হলেও এটি ঐতিহাসিক এবং সাংস্কৃতিক দৃষ্টিকোণ থেকেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, বর্তমানে এর অস্তিত্ব আছে ৮,৮৪৮ কিলোমিটার।

***62.*** **অলিম্পিক পতাকার কয়টি রং থাকে?**

a) ৫টি b) ২টি
c) ৪টি d) ৭টি ***ans.* A**

**Solution:** অলিম্পিক গেমসের ৫টি বৃত্ত দ্বারা ৫টি মহাদেশকে বুঝানো হয়। অলিম্পিকের পতাকায় রিংসগুলি হলো সাদা পটভূমির উপর নীল, হলুদ, কালো, সবুজ এবং লাল রংঙের পাঁচটি পরস্পর আলিঙ্গনাবদ্ধ চাকতি, যা অলিম্পিক রিংস নামে পরিচিত। অলিম্পিক গেমসের চিহ্নটি ১৯১২ সালে দে কোবার্টিন তৈরি করেন ঐক্যের প্রতীক হিসাবে।

***63.*** **প্রথম সাফ গেমস কোথায় অনুষ্ঠিত হয়?**

a) ঢাকা b) নয়াদিল্লী
c) কলম্বো d) কাঠমাণ্ডু ***ans.* D**

**Solution:** ১৯৮৩ সালে দক্ষিণ এশীয় ক্রীড়া সংস্থা গঠন করা হয়। সংস্থার নির্বাহী পরিচালনা পরিষদ কর্তৃক সর্বপ্রথম এ প্রতিযোগিতাটি ১৯৮৪ সালে নেপালের কাঠমান্ডুতে অনুষ্ঠিত হয়। ২০০৪ সাল পর্যন্ত এ প্রতিযোগিতার পূর্বেকার নাম ছিল দক্ষিণ এশীয় ফেডারেশন গেমস বা সাফ গেমস।

***64.*** **হিরোশিমায় নিক্ষিপ্ত আনবিক বোমার নাম কি?**

a) স্কাড b) প্যাট্রিয়ট
c) লিটল বয় d) ডেস্ট্রয়ার ***ans.* C**

**Solution:** দ্বিতীয় বিশ্বযুদ্ধে যুক্তরাষ্ট্র জাপানের হিরোশিমায় "লিটল বয়" নামক পারমাণবিক বোমা ফেলে ৬ই আগস্ট ১৯৪৫ সালে আর নাগাসাকিতে "ফ্যাট ম্যান" নামক আরেকটি পারমাণবিক বোমা ফেলে ঐ একই বছরের ৯ই আগস্টে।

***65.*** **জাতীয় বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত?**

a) রাঙ্গুনিয়া b) সাভার
c) ধামরাই d) গাজীপুর ***ans.* D**

**Solution:** বাংলাদেশের জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর জেলায় অবস্থিত। এর মূল ক্যাম্পাসটি গাজীপুরের বোর্ড বাজার এলাকায় অবস্থিত। এটি বাংলাদেশের একটি অন্যতম বৃহৎ বিশ্ববিদ্যালয়, যেখানে দেশের বিভিন্ন কলেজ এবং শিক্ষা প্রতিষ্ঠান অধিভুক্ত রয়েছে।

***66.*** **কোন রাষ্ট্রীয় অনুষ্ঠানে জাতীয় সংগীতের কত চরণ বাজানো হয়?**

a) প্রথম ১০টি b) প্রথম ৪টি
c) প্রথম ৬টি d) প্রথম ৫টি ***ans.* B**

**Solution:** মুজিবনগরে বাংলাদেশের প্রবাসী সরকার এই গানটিকে বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে স্বীকৃতি দেয় এবং মুক্তিযুদ্ধ চলাকালে গানটি স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে নিয়মিত পরিবেশিত হয়। স্বাধীনতার পর সাংবিধানিকভাবে (অনুচ্ছেদ ৪.১) 'আমার সোনার বাংলা' গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় সংগীতরূপে ঘোষিত হয়। গানের প্রথম ১০ লাইন কণ্ঠ সংগীত এবং প্রথম ৪ লাইন যন্ত্র সংগীত হিসেবে পরিবেশনের বিধান রাখা হয়।

***67.*** **বাংলাদেশের কোন দ্বীপটি প্রবাল দ্বীপ নামে খ্যাত?**

a) নিঝুমদ্বীপ b) সেন্ট মার্টিন
c) হাতিয়া d) কুতুবদিয়া ***ans.* B**

**Solution:** সেন্টমার্টিন বাংলাদেশের কক্সবাজার জেলার অন্তর্গত টেকনাফ উপজেলার একটি ইউনিয়ন। এটি বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ এবং এটি বাংলাদেশের সর্ব-দক্ষিণের ইউনিয়ন।

***68.*** **নিম্নের কোনটির স্থপতি লুই আই ক্যান?**

a) শহীদ মিনার b) হাইকোর্ট
c) বাংলাদেশ জাতীয় সংসদ d) কার্জন হল ***ans.* C**

**Solution:** জাতীয় সংসদ ভবনের ডিজাইনার লুই আই কান। লুই ইসাডোর কান সংক্ষেপে লুই আই কান বিশ্বখ্যাত মার্কিন স্থপতি। তিনি মূলত আমেরিকার ফিলাডেলফিয়া আর পেনসিলভানিয়ায় স্থাপত্য চর্চা করে খ্যাতি অর্জন করেন। বাংলাদেশের জাতীয় সংসদ ভবন তার একটি বিখ্যাত কীর্তি। ১৯৭৪ সালের ১৭ মার্চ তিনি নিউইয়র্কে মৃত্যুবরণ করেন।

***69.*** **বাংলাদেশের প্রথম অস্থায়ী প্রেসিডেন্ট কে ছিলেন?**

a) তাজউদ্দিন আহমেদ b) মুশতাক আহমেদ
c) সৈয়দ নজরুল ইসলাম d) মনসুর আলী ***ans.* C**

**Solution:** সৈয়দ নজরুল ইসলাম ছিলেন অস্থায়ী/উপ-রাষ্ট্রপতি; তাজউদ্দীন আহমেদ ছিলেন প্রধানমন্ত্রী; এম. মনসুর আলী ছিলেন অর্থ মন্ত্রী।

| নাম | পদবি |
|---|---|
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান | রাষ্ট্রপতি |
| সৈয়দ নজরুল ইসলাম | অস্থায়ী/উপ-রাষ্ট্রপতি |
| তাজউদ্দিন আহমদ | প্রধানমন্ত্রী |
| ক্যাপ্টেন এম. মনসুর আলী | মন্ত্রী |
| খন্দকার মোশতাক আহমদ | মন্ত্রী |
| আবুল হাসানাত মোহাম্মদ কামারুজ্জামান | মন্ত্রী |

***70.*** **বাংলাদেশের প্রথম প্রধান সেনাপতি কে ছিলেন?**

a) মেজর জেনারেল শফিউল্লাহ
b) জিয়াউর রহমান
c) জেনারেল আতাউল গনি ওসমানী
d) এইচ এম এরশাদ ***ans.* C**

**Solution:** বাংলাদেশের প্রথম প্রধান সেনাপতি (Chief of Army Staff) ছিলেন মেজর জেনারেল এম.এ.জি ওসমানী। তিনি মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের মুক্তি বাহিনীর (মুক্তিবাহিনী) প্রধান সেনাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। স্বাধীনতার পর তিনি কিছু সময়ের জন্য এই দায়িত্বে ছিলেন। ১৯৭১ সালে ১৭ এপ্রিল বাংলাদেশের প্রথম সরকার গঠিত হলে তাকে দায়িত্ব প্রদান করেন।

# পল্লী বিদ্যুৎ সমিতি, ফেনী

**পদের নামঃ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার**

তারিখঃ ০১.০২.২০২৫; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৬০

***01.*** **'হিতাহিত' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?**

a) হিত + হিত  b) হিত + সহিত
c) হিতা + হিত  d) হিত + অহিত ***ans.*** **D**

***Solution:*** অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়, আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমনঃ অ + অ = আ; নর + অধম = নরাধম। এরূপঃ হিমাচল, প্রাণাধিক, হস্তান্তর, হিতাহিত ইত্যাদি।

***02.*** **কোনটি উপসর্গ?**

a) যথা  b) আমি
c) রাম  d) হতে ***ans.*** **C**

***Solution:*** খাঁটি বাংলা উপসর্গ ইতিহাস।

<table>
<tr><th>নাম</th><th>সংখ্যা</th><th colspan="2">উপসর্গ সমূহ</th></tr>
<tr><td>বাংলা উপসর্গ</td><td>২১টি</td><td colspan="2">অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, ঊন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা</td></tr>
<tr><td>তৎসম উপসর্গ</td><td>২০টি</td><td colspan="2">প্র, পরা, অপ, সম, নি, অব, অনু, নির, দূর, বি, সু, উৎ, অধি, পরি, প্রতি, উপ, আ, অপি, অভি, অতি</td></tr>
<tr><td rowspan="4">বিদেশী উপসর্গ</td><td rowspan="4">সংখ্যা নির্নীত হয়নি</td><td>ফারসি</td><td>কার, দর, না, নিম, ফি, বদ, বে, বর, ব, কম</td></tr>
<tr><td>আরবি</td><td>আম, খাস, লা, গর</td></tr>
<tr><td>ইংরেজি</td><td>ফুল, হাফ, হেড, সাব</td></tr>
<tr><td>উর্দূ-হিন্দি</td><td>হর</td></tr>
</table>

***03.*** **'ফুলকুমারী' কোন সমাস?**

a) উপমিত কর্মধারয়  b) রূপক কর্মধারয়
c) উপপদ তৎপুরুষ  d) অলুক বহুব্রীহি ***ans.*** **A**

***Solution:*** সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে (এ ক্ষেত্রে সাধারণ গুণটিকে অনুমান করে নেওয়া হয়) এ সমাসে উপমেয় পদটি পূর্বে বসে। যেমনঃ মুখ চন্দ্রের ন্যায় = চন্দ্রমুখ। পুরুষ সিংহের ন্যায় = সিংহপুরুষ। চরণ কমলের ন্যায় = চরণকমল। এরূপঃ অধরপল্লব, কথামৃত, নয়নপদ্ম, করকমল, বীরসিংহ, বাহুলতা, নরসিংহ, করপল্লব, পাদপদ্ম, ফুলকুমারী ইত্যাদি।

***04.*** **কাজী নজরুল ইসলামের কাব্যগ্রন্থ কোনটি?**

a) অগ্নিবীণা  b) শিউলিমালা
c) মৃত্যুক্ষুধা  d) ঝিলিমিলি ***ans.*** **A**

***Solution:*** কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নিবীণা' (১৯২২)। এ কাব্যের প্রথম কবিতা 'প্রলয়োল্লাস'। 'বিদ্রোহী' এ কাব্যের দ্বিতীয় ও প্রধান কবিতা, যা ১৯২২ সালে সাপ্তাহিক 'বিজলী' পত্রিকায় প্রকাশিত হয়। 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থটি ব্রিটিশবিরোধী বাঙালি বারীন্দ্রকুমার ঘোষকে উৎসর্গ করেন। উল্লেখ্য, 'বিষের বাঁশি' (১৯২৪) নজরুলের নিষিদ্ধকৃত গ্রন্থ। 'প্রলয় শিখা' (১৯৩০) গ্রন্থটির জন্য নজরুল ৬ মাস কারা ভোগ করেন। আর নজরুলের 'সর্বহারা' (১৯২৬) বিদ্রোহী প্রধান কাব্য।

***05.*** **কোনটি মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস নয়?**

a) হাঙর নদী গ্রেনেড  b) জাহান্নাম হইতে বিদায়
c) আগুনের পরশমণি  d) আরেক ফাল্গুন ***ans.*** **D**

***Solution:*** জহির রায়হান রচিত 'আরেক ফাল্গুন' উপন্যাসটির পটভূমি হলো 'বায়ান্নর রক্তস্নাত ভাষা আন্দোলন'। তাঁর রচিত উপন্যাসগুলো হলোঃ 'শেষ বিকেলের মেয়ে', 'বরফ গলা নদী', 'হাজার বছর ধরে', 'আর কত দিন'।

***06.*** **'পাখি সব করে রব রাতি পোহাইল' বাক্যে 'পাখি' এর কারক ও বিভক্তি-**

a) কর্তায় শূন্য  b) করণে শূন্য
c) কর্মে প্রথমা  d) অপাদানে শূন্য ***ans.*** **A**

***Solution:*** বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তা ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক। ক্রিয়ার সঙ্গে 'কে' বা 'কারা' যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই কর্তৃকারক। যেমনঃ **খোকা** বই পড়ে। (কে পড়ে? খোকা-কর্তৃকারক)। **মেয়েরা** ফুল তোলে। (কারা তোলে? মেয়েরা-কর্তৃকারক)। কর্তৃকারকে বিভিন্ন বিভক্তির প্রয়োগঃ

| | |
|---|---|
| প্রথমা বা শূন্য বিভক্তিঃ | বৃষ্টি পড়ে। সাপুড়ে সাপ খেলায়। |
| দ্বিতীয়া বিভক্তিঃ | আমাকে যেতে হবে। |
| তৃতীয়া বিভক্তিঃ | তাকে দিয়ে এ কাজ হবে না। |
| চতুর্থী বিভক্তিঃ | সকলকে মরতে হবে। |
| পঞ্চমী বিভক্তিঃ | আমার হতে এ কাজ হবে না সাধন। |
| ষষ্ঠী বিভক্তিঃ | আমার যাওয়া হয় নি। |
| সপ্তমী বিভক্তিঃ | পাগলে কিনা বলে। |

***07.*** **'বাতাস' শব্দের সমার্থক শব্দ কোনটি?**

a) মরুৎ  b) ব্যোম
c) ক্ষিতি  d) অপ ***ans.*** **A**

***Solution:*** 'বাতাস' শব্দের সমার্থক শব্দঃ বায়ু, অনিল, পবন, গন্ধবাহ, সমীরণ, সমীর, মরুৎ, মারুত, গন্ধবহ ইত্যাদি।

***08.*** **"সত্য কথা না বলে বিপদে পড়েছি" - কোন ধরনের বাক্য?**

a) সরল বাক্য  b) জটিল বাক্য
c) যৌগিক বাক্য  d) মিশ্র বাক্য ***ans.*** **A**

***Solution:*** বাক্যের প্রথম অংশের শেষে করলে, বললে, থাকলে, চাইলে, করার, বলার, থাকার, করতে, বলতে, থাকতে, হলে, বলে, এলে ইত্যাদি ক্রিয়াগুলো থাকবে এবং বাক্যের শেষে অবশ্যই একটি সমাপিকা ক্রিয়া থাকবে। এরূপ হলে তা সরল বাক্য হবে। তবে বাক্যের মাঝে কোনরূপ কমা (,) বসবে না। সরল বাক্যে কখনও কমা হয় না। একটি অংশ আরেকটি অংশের উপর নির্ভরশীল হবে না। যেমনঃ মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে। উল্লেখ্য, যৌগিকঃ সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি। সরলঃ সত্য কথা না বলে বিপদে পড়েছি।

***09.*** **বাংলা ভাষায় প্রথম মহাকাব্য রচয়িতা কে?**

a) কায়কোবাদ  b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) মাইকেল মধুসূদন দত্ত  d) আলাওল ***ans.*** **C**

***Solution:*** বাংলা ভাষায় প্রথম মহাকাব্য 'মেঘনাদবধ' এর রচয়িতা মাইকেল মধুসূদন দত্ত। 'রাজনারায়ণ বসু' মেঘনাদবধের প্রথম ইংরেজি অনুবাদ করেন।

*10.* **নিচের কোন বানানটি অশুদ্ধ?**
a) কার্য্যালয় b) সূচিপত্র
c) সতীত্ব d) শুভংকর ***ans.* A**

**Solution:** কিছু শুদ্ধ বানান

| | | | |
|---|---|---|---|
| অধীন | অধোগতি | আদ্যাক্ষর | অদ্যাপি |
| অভিশাপ | অধ্যয়ন | আভিধানিক | আকাঙ্ক্ষা |
| মুমূর্ষু | আয়ত্ত | নিশীথিনী | দারিদ্র্য |
| পিপীলিকা | মনোহারিণী | মুহূর্ত | দ্বন্দ্ব |

*11.* **The view ___ the open window is very pretty.**
a) through b) by
c) for d) along ***ans.* A**

**Solution:** যেহেতু Open window দিয়ে যে দৃশ্যগুলো দেখা যাচ্ছে তা অত্যন্ত Pretty, তাই <u>দিয়ে</u> বুঝাতে Preposition হিসেবে অপশন *a)* এর through হবে।
**বাক্যের অর্থঃ** খোলা জানালা দিয়ে বাইরের দৃশ্য খুবই মনোরম।

*12.* **When the police arrived, the criminal ____ already escaped.**
a) had b) has
c) have d) was ***ans.* A**

**Solution:** প্রথম অংশের When the police arrived যেহেতু Past indefinite tense এর বাক্য, তাই পরের অংশটি নিয়ম অনুযায়ী Past perfect tense এর বাক্য হবে। সেই হিসেবে the criminal এর পরে <u>had</u> already escaped হবে।
**বাক্যের অর্থঃ** যখন পুলিশ পৌঁছালো, অপরাধী ইতোমধ্যে পালিয়ে গিয়েছিল। ।

*13.* **Identify the passive voice 'Never tell a lie' -**
a) Let not a lie ever be told.
b) Let not a lie never be told.
c) Do not tell a lie.
d) None ***ans.* A**

**Solution:** Active এ Never থাকলে Passive এ Ever হবে। এই ধরনের Imperative sentence কে Passive করার নিয়ম হলোঃ
Active: Never + $V_1$ + Object.
Passive: Let not + Object + ever + be + $V_3$.
**বাক্যের অর্থঃ** কখনো মিথ্যা বলো না।

*14.* **He said to me, "Do you know me"? – identify the correct indirect speech?**
a) He asked me if I know him.
b) He asked me do I know him.
c) He asked me if I knew him.
d) He asked me did I know him. ***ans.* C**

**Solution:** Interrogative বাক্যকে Indirect speech এ রূপান্তরের ক্ষেত্রে Reporting verb টি Ask, demand of, want to know, wonder ইত্যাদিতে পরিণত হয়। Reported speech টি Auxiliary verb দ্বারা শুরু হলে Linker হিসেবে 'if' বা 'whether' বসে। আর Direct speech এর Interrogative বাক্যটি Indirect speech এ Assertive বাক্যে পরিণত হয়।
**বাক্যের অর্থঃ** সে আমাকে বললো, 'তুমি কি আমাকে চিনো'?

*15.* **The correct translation of 'সে সাঁতার কাটতে জানে না'।**
a) He doesn't know swimming.
b) He doesn't know how to swim.
c) He doesn't know how to swimming.
d) He doesn't know to swim. ***ans.* B**

**Solution:** Know-এর পর verb এলে তা know how to + verb এর base form ব্যবহৃত হয়।

*16.* **Which is the noun of the word 'beautiful'?**
a) Beauty b) Beautify
c) Beauteous d) Beautifully ***ans.* A**

**Solution:** 'Beautiful' (সুন্দর) হলো 'adjective'.
'Beautify' (সুন্দর করা) হলো 'verb'.
'Beauteous' (সুন্দর; শোভাময়) হলো 'adjective'.
'Beautifully' (চমৎকারভাবে) হলো 'adverb'.

*17.* **Ten hours ___ too long to wait.**
a) is b) are
c) were d) none ***ans.* A**

**Solution:** Time, distance, weight, length, money এদের এককের সমষ্টি দেখতে Plural হলেও যখন উক্ত সমষ্টিকে একটা Unit হিসেবে ধরা হয় তখন সেটি Singular verb গ্রহণ করে। যেমনঃ

| | |
|---|---|
| Three hours <u>seems</u> a long time to have to wait for the next train | Six years <u>is</u> the maximum sentence for that offence. |

কিন্তু, সমষ্টিকে একত্রে না বুঝিয়ে আলাদা আলাদাভাবে বুঝালে Plural verb গ্রহণ করে। যেমনঃ

| | |
|---|---|
| Six years <u>have</u> passed since I met you last. | Two hours <u>have elapsed</u> since he fell asleep. |

**বাক্যের অর্থঃ** অপেক্ষা করার জন্য ১০ বছর অনেক বেশি সময়।

*18.* **Which spelling is not correct?**
a) Fulfil b) Wellcome
c) Program d) Quarrel ***ans.* B**

**Solution:** সঠিক বানান হলো Welcome.

| Fulfil | Program | Quarrel |
|---|---|---|
| পালন/ প্রতিলপালন করা | কার্যক্রম; কর্মসূচি | ঝগড়া; বিবাদ |

*19.* **Choose the correct sentences-**
a) Everybody have gone there.
b) Everybody are gone there.
c) Everybody has gone there
d) Everybody has went there ***ans.* C**

# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
**পদের নামঃ শিক্ষানবিশ লাইনম্যান**
তারিখঃ ২৮.০২.২০২৫; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ৮০

***01.*** **'আলাওল' কোন রাজসভার কবি ছিলেন?**
a) লক্ষ্মন সেনের    b) সম্রাট শাহজাহানের
c) সম্রাট আকবর    d) আরাকানের    ***ans.* D**

**Solution:** আলাওল মধ্যযুগীয় বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ কবি। কবি আলাওল ছিলেন আরাকান রাজ সভার কবি। বাংলা সাহিত্যে আরাকানকে 'রোসাং' বা 'রোসাঙ্গ' নামে অভিহিত করা হয়েছে। কবি আলাওল রচিত শ্রেষ্ঠ কাব্য 'পদ্মাবতী'।

***02.*** **'সিরাজউদ্দৌলা' নাটকের নাট্যকার?**
a) দ্বিজেন্দ্রলাল রায়    b) গিরিশচন্দ্র ঘোষ
c) নুরুল মোমেন    d) মুনীর চৌধুরী    ***ans.* B**

**Solution:** 'সিরাজউদ্দৌলা' নাটকের নাট্যকার গিরিশচন্দ্র ঘোষ। নাটকটি ১৯৫১ সালের ডিসেম্বর মাসে রচিত হয় এবং ১৯৫২ সালের জানুয়ারি মাসে ইসমাইল মোহাম্মদের পরিচালনায় মঞ্চস্থ হয়। নাটকটি বাংলা একাডেমি কর্তৃক প্রথম প্রকাশিত হয় ১৯৬৫ (পৌষ, ১৩৭২) সালে। ১৭৫৭ সালের ২৩ জুন, পলাশীর প্রান্তরে নবাব সিরাজউদ্দৌলার সাথে ইংরেজদের যুদ্ধে মীরজাফর গংদের বিশ্বাসঘাতকতার কারণে সিরাজের পরাজয় ঘটে এবং বাংলার স্বাধীনতার সূর্য অস্ত যায়। সংবেদনশীল কবি ও নাট্যকার সিকান্দার আবু জাফর এ পটভূমিকে ব্যবহার করে রচনা করেন 'সিরাজউদ্দৌলা'। এই নাটকের উল্লেখযোগ্য চরিত্রঃ সিরাজ, মীরজাফর, আলিবর্দি, ক্লাইভ, ঘসেটি বেগম, আমিনা বেগম প্রমুখ।

***03.*** **'বিষাদসিন্ধু' একটি-**
a) গবেষণা গ্রন্থ    b) ধর্মবিষয়ক প্রবন্ধ
c) ইতিহাস আশ্রয়ী উপন্যাস    d) আত্মজীবনী    ***ans.* C**

**Solution:** মীর মশাররফ হোসেনের খ্যাতি মূলত এই গ্রন্থটির জন্যেই। 'বিষাদ-সিন্ধু' (১৮৮৫-৯১) একটি ইতিহাস আশ্রিত উপন্যাস। হাসান ও হোসেনের সঙ্গে দামেস্ক অধিপতি মুয়াবিয়ার একমাত্র পুত্র এজিদের কারবালা প্রান্তরের রক্তক্ষয়ী যুদ্ধ এবং ইমাম হাসান-হোসেনের করুণ মৃত্যুকাহিনি 'বিষাদ-সিন্ধু' গ্রন্থে বর্ণিত মূল বিষয়।

***04.*** **ভাষার কোন রীতি পরিবর্তনশীল?**
a) সাধু    b) চলিত
c) কথ্য    d) লেখ্য    ***ans.* B**

**Solution:** চলিত ভাষার বৈশিষ্ট্যঃ

| |
|---|
| চলিত রীতি পরিবর্তনশীল। একশ বছর আগে যে চলিত রীতি সে যুগের শিষ্ট ও ভদ্রজনের কথিত ভাষা বা মুখের বুলি হিসেবে প্রচলিত ছিল, কালের প্রবাহে বর্তমানে তা অনেকটা পরিবর্তিত রূপ লাভ করেছে |
| এ রীতি তদ্ভব শব্দবহুল |
| চলিত রীতি সংক্ষিপ্ত ও সহজবোধ্য এবং বক্তৃতা, আলাপ-আলোচনা ও নাট্যসংলাপের জন্য বেশি উপযোগী |
| সাধু রীতিতে ব্যবহৃত সর্বনাম ও ক্রিয়াপদ চলিত রীতিতে পরিবর্তিত ও সহজতর রূপ লাভ করে। বহু বিশেষ্য ও বিশেষণের ক্ষেত্রেও এমনটি ঘটে |
| চলিত ভাষায় ক্রিয়াপদগুলো সংক্ষিপ্ত রূপে ব্যবহৃত হয়। যেমনঃ খেতে, খাচ্ছিলাম, করছিল ইত্যাদি |

***05.*** **কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ?**
a) গায়ে হলুদ    b) ছয়ানি
c) চালকুমড়া    d) ছায়াছবি    ***ans.* C**

**Solution:** চাল কুমড়া = চালে আশ্রিত কুমড়া। উল্লেখ্য, যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদলোপ হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমনঃ সিংহ চিহ্নিত আসন = সিংহাসন, সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা, স্মৃতি রক্ষার্তে সৌধ = স্মৃতিসৌধ ইত্যাদি।

***06.*** **'সংশয়' শব্দটির বিপরীত শব্দ কোনটি?**
a) অলস    b) নিশ্চয়
c) কর্মঠ    d) দহন    ***ans.* B**

**Solution:** 'সংশয়' এর বিপরীত শব্দ হলোঃ নিশ্চয়। উল্লেখ্য, 'সংশয়' এর সমার্থক শব্দ হলোঃ সন্দেহ; দ্বিধা; দ্বৈধবোধ; ভবিষ্যতের ব্যাপারে ভয় (জীবন সংশয়); অনিশ্চয়তাবোধ। আর, 'সংশয়' এর স্ত্রীবাচক শব্দ হলো 'সংশয়িতা'। আর এর সন্ধি বিচ্ছেদ হলো 'সম্ + শয় = সংশয়'।

***07.*** **'ডাক্তার ডাক' কোন কারকে কোন বিভক্তি?**
a) অপাদান কারকে শূন্য    b) কর্তৃকারকে দ্বিতীয়া
c) কর্মকারকে শূন্য    d) কর্তৃকারকে শূন্য    ***ans.* C**

**Solution:** 'ডাক্তার ডাক' বাক্যটিতে 'ডাক্তার' শব্দটি কর্মকারকে শূন্য বিভক্তি। যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্ম কারক বলে। কী/ কাকে প্রশ্ন করলে কর্মকারক পাওয়া যায়।

***08.*** **"চন্ডালে বসাও আনি রাজার আলয়ে" বাক্যটিতে 'চন্ডালে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
a) কর্তৃকারকে দ্বিতীয়া    b) অপাদান কারকে ৭মী
c) কর্মে ৭মী    d) অধিকরণে ২য়া    ***ans.* C**

***09.*** **চন্দ্রাবতী কি?**
a) নাটক    b) কাব্য
c) পদাবলি    d) পালাবান    ***ans.* B**

**Solution:** আরাকান রাজসভার অমাত্য কোরেশী মাগন ঠাকুর রচিত কাব্য 'চন্দ্রাবতী'। তিনি কবি আলাওলের অন্যতম পৃষ্ঠপোষক হিসেবে প্রসিদ্ধি লাভ করেন। 'ভদ্রাবতী নগরের রাজপুত্র বীরভান মন্ত্রীপুত্র সুতের সহায়তায় কীভাবে সরন্দ্বীপ রাজকন্যা অপূর্বসুন্দরী চন্দ্রাবতীকে লাভ করেছিলেন তা-ই এ কাব্যে বর্ণিত হয়েছে। আলাওল মাগন ঠাকুরের উৎসাহে 'সয়ফুলমুলক বদিউজ্জামাল' কাব্য রচনা করেন।

***10.*** **হরপ্রসাদ শাস্ত্রীর উপাধি কি?**
a) পন্ডিত    b) বিদ্যাসাগর
c) শাস্ত্রজ্ঞ    d) মহামহোপাধ্যায়    ***ans.* D**

**Solution:** বিখ্যাত বাঙালি ভারত তত্ত্ববিদ, সংস্কৃত বিশারদ, সংরক্ষণবিদ ও বাংলা সাহিত্যের ইতিহাস রচয়িতা হলেন